


ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নোক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নিমিত্ত ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক ও যুব মহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

নং	কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	সাক্ষাৎকারের স্থান, তারিখ ও সময়	ভর্তি/প্রশ্নাঙ্ক করার তারিখ	কোর্স ফি
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স	এইচ.এস.সি বা সমমানের পাশ	০৬ মাস	৭০ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ২৭-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	১০০০/-
০২	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এপ্লিকেশন কোর্স	এইচ.এস.সি বা সমমানের পাশ	০৬ মাস	৪০ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ২৮-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৫০০/-
০৩	পোশাক তৈরি	অষ্টম শ্রেণী পাশ	০৩ মাস	২৫ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৫০/-
০৪	ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং	অষ্টম শ্রেণী পাশ	০৬ মাস	৩০ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৩০০/-
০৫	ইলেকট্রনিক্স (মোবাইল সার্ভিসিং সহ)	অষ্টম শ্রেণী পাশ	০৬ মাস	৩০ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৩০০/-
০৬	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	অষ্টম শ্রেণী পাশ	০৬ মাস	৩০ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৩০০/-
০৭	মৎস্য চাষ	অষ্টম শ্রেণী পাশ	০১ মাস	২৫ জন	২৬-১২-২৩খ্রিঃ	জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্র, টাউন হল মোড় ৩১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	৫০/-
০৮	হস্তশিল্প	অষ্টম শ্রেণী পাশ	০১ মাস	২০ জন	২০-১২-২৩খ্রিঃ	উপপরিচালকের কার্যালয়, জেলা পরিষদ ভবন, ময়মনসিংহ। ২১-১২-২৩খ্রিঃ সকাল-১০.০০	০১-০১-২৪খ্রিঃ	১০০/-

দরখাস্ত ও ভার্ভ সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ

- ভর্তি নিমিত্ত আবেদনের জন্য অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে এবং ভর্তির সময় আবেদনপত্রের হর্তিকপি সার্কিট হাউজ রোড, মুক বধির বিদ্যালয়ে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট ট্রেডে জমা দিতে হবে।
- আবেদনপত্র স্ব-স্ব জেলার উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর বরাবর করতে হবে।
- প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষাদের ক্ষেত্রে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে (মুক্তিযোদ্ধার পোষা প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
- দলিত(সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিষ্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষনসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে(প্রমাণক সনদ দাখিল সাপেক্ষে)।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ািলপি(সত্যায়িত) (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্রের ছায়ািলপি(সত্যায়িত), (গ) বেকারত্বের সনদ (ঘ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ভর্তি ফিঃ (অফেরৎযোগ্য)।
- বর্ণিত ট্রেড/কোর্সগুলো অনাবাসিক ভাবে পরিচালিত হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।
- ক্রমিক নং (১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স ব্যতীত ক্রমিক নং ২ হতে ৮ এ উল্লেখিত সকল টেডের ভর্তিকৃত প্রশিক্ষণার্থীপত্র সরকারী বিধি মোতাবেক(বাজেট প্রাপ্তি ও উপস্থিতি স্বাপেক্ষে) দৈনিক ১০০/- হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।



মোঃ হারুন-অর-রশীদ
উপপরিচালক

তারিখঃ ০৭/১২/২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ৩৪.০১.৬১০০.০০০.৩৮.৬৩২.১৩- ৫৫২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)..... ময়মনসিংহ।
- জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ (বহল প্রচারের অনুরোধ সহ)।
- কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) ময়মনসিংহ।
- প্রশিক্ষক(কম্পিউটার), যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ। তাকে বিজ্ঞপ্তি জেলার ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- অফিস কপি/মাষ্টার ফাইল/গার্ড ফাইল।


সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
ময়মনসিংহ।